

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رَحِمَ اللَّهُ امْرَءًا صلَّى قَبْلَ الْعُصرْ ِ أَرْبَعًا» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ

বাংলা

১১৭০-[১২] ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাল্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ আল্লাহ তা'আলা ঐ লোকের ওপর রহমত বর্ষণ করেন, যে লোক 'আসরের (ফরয সালাতের) পূর্বে চার রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে। (আহমাদ, তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১২৭১, আত্ তিরমিয়ী ৪৩০, আহমাদ ৫৯৮০, ইবনু খুযায়মাহ্ ১১৯৩, ইবনু হিব্বান ২৪৫৩, সুনান আল কুবরা লিল বায়হাকী ৪১৬৭, সহীহ আত্ তারগীব ৫৮৮, সহীহ আল জামি' ৩৪৯৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَلَى قَبْلُ الْعَصْرِ أَرْبَعًا) অর্থাৎ 'আসরের পূর্বে চার রাক্'আত নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে যা আদায় করা মুস্তাহাব সুন্নাত মুয়াক্কাদাহ্ নয়। ইমাম নাবাবী মুসলিমের ব্যাখ্যা গ্রন্থে বলেন, আমাদের সাথীদের মাঝে এ ব্যাপারে কোন মতভেদ নেই যে, এ চার রাক্'আত সালাত আদায় করা মুস্তাহাব। যারা এ চার রাক্'আত সালাত আদায় করতেন তাদের মাঝে 'আলী (রাঃ) অন্যতম। ইবরাহীম নাখ্'ঈ বলেন, সাহাবীগণ এ চার রাক্'আত সালাত আদায় করতেন। তবে তা সুন্নাতে মুয়াক্কাদাহ্ মনে করতেন না। যারা 'আসরের পূর্বে সালাত আদায় করতেন না তাদের মধ্যে সা'ঈদ ইবনুল মুসাইিয়্যিব, হাসান বসরী, সা'ঈদ ইবনু মানসূর ক্কায়স ইবনু আবী হাযিম ও আবুল আহ্ওয়াস অন্যতম।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন